ACKNIT
INDUSTRIES LIMITED

**Date: 20-08-2024**

| | |
|---|---|
| **To,**<br>**BSE Ltd.**<br>**Floor 25, P.J Towers**<br>**Dalal Street , Mumbai-400001**<br>**SCRIP CODE: 530043** | **To,**<br>**The Calcutta Stock Exchange Ltd.**<br>**7, Lyons Range**<br>**Kolkata-700001**<br>**SCRIP CODE: 10011078** |

Dear Sir/Madam,

**Sub: Corrigendum to Newspaper Publication related to Notice of the 34th Annual General Meeting**

With reference to the Newspaper Publication made on 17th August, 2024 in relation to the "Notice of 34th Annual General Meeting, Remote E-Voting Information, Record Date & Book Closure Dates" published in Business Standard and Ekdin, we submit a corrigendum to the same published in the Ekdin (Bengali Edition) Newspaper on 18th August, 2024.

In the address of the registered office of the company, the Suit No. 504 was written as Suit No. 804. In Point No. 5 the name of Ravi Kumar Bahl was written as Shri Kumar Bahl and the date was mentioned as 16.08.204 instead of 16.08.2024.

Kindly note that all the mistakes mentioned above in the Regional Newspaper, Ekdin (Bengali Edition) which was published on 17th August, 2024 were inadvertent.

Thanking You.

**Yours' faithfully,**
**For ACKNIT INDUSTRIES LIMITED**

RAVI KUMAR BAHL
Digitally signed by RAVI KUMAR BAHL
Date: 2024.08.20 16:42:32 +05'30'

**Ravi Kumar Bahl**
**Company Secretary & Compliance Officer**
**M.No.: F1962**

**Encl: Corrigendum Newspaper clipping of Ekdin (Bengali edition)**

Registered & Corporate Office :
"Ecostation", Block-BP, Plot No. - 7, Sector V, 5th Floor, Suit No. - 504, Salt Lake, Kolkata – 700 091 (India)
Phone : 033-2367-5555 / +91-8420047801, Email: calcutta@acknitindia.com, Website : https://www.acknitindia.com
CIN – L01113WB1990PLC050020

# আইএমএ-র কর্মবিরতির মাঝেও মালদা মেডিক্যালে চালু পরিষেবা



**নিজস্ব প্রতিবেদন, মালদা:** আরজিকর কাণ্ডে চিকিৎসকদের সংগঠন আইএমএ-র (ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন) কর্মবিরতির মাঝেও মালদা মেডিক্যাল কলেজের চালু থাকল রোগীদের চিকিৎসা পরিষেবা। ফলে শনিবার নতুন করে মেডিক্যাল কলেজের আউটডোর থেকে জরুরি বিভাগ সহ বিভিন্ন ক্ষেত্রে চিকিৎসা পরিষেবার কোনও ঘাটতি দেখা যায়নি। এর ফলে দূরদূরান্ত থেকে আসা রোগী ও তাঁদের আত্মীয়দের এদিন দুর্ভোগেও পড়তে হয়নি। মালদা মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ জানিয়েছে, আইএমএ-র কর্মবিরতির সমর্থন জানিয়ে রোগীদের স্বার্থের কথা ভেবে পরিষেবা দেওয়ার ব্যবস্থাও রাখা হয়েছে।

উল্লেখ্য, আরজি কর হাসপাতালে চিকিৎসক ছাত্রীর নৃশংস হত্যাকাণ্ডের অভিযোগের পর শনিবার আইএমএ-র তরফ থেকে দেশজুড়ে কর্মবিরতির ডাক দেওয়া হয়। তবে রোগীরা যাতে কোনও রকম ভাবেই সমস্যায় না পড়েন, তার কারণে এদিন বিভিন্ন সরকারি হাসপাতাল, আউটডোর ও ইনডোর পরিষেবা চালু রাখেন চিকিৎসকরা। এর আগেই গত বৃহস্পতিবার মালদায় কর্মবিরতি পালন করেছিলেন জেলার শতাধিক চিকিৎসকরা। এই কারণে এদিন আইএমএ-র কর্মবিরতিকে সর্বাত্মক সমর্থন জানানো হলেও, রোগী স্বার্থে পরিষেবা চালুর সিদ্ধান্ত নিয়েছে চিকিৎসকেরা।

এদিন সকাল থেকেই মালদা মেডিক্যাল কলেজের আউটডোরের বিভিন্ন বিভাগে প্রায় স্বাভাবিক চিকিৎসা পরিষেবা চালু ছিল। মেডিক্যাল কলেজের টিকিট কাউন্টার থেকে শুরু করে বিভিন্ন ওপিডি বিভাগে হাজির হয়েছিলেন অসংখ্য রোগীরা। তবে চিকিৎসকের সংখ্যা অনেকটাই কম ছিল। ফলে কিছুটা হলেও চিকিৎসা পরিষেবা পেতে হয়রানির শিকার হন রোগী এবং রোগীর আত্মীয়রা।

এদিকে ধর্ষণ ও খুনের অভিযোগে অভিযুক্তদের গ্রেপ্তারের দাবি, আরজি কর মেডিক্যাল কলেজের প্রাক্তন অধ্যক্ষের হাজতবাসের দাবিতে এদিন জুনিয়র চিকিৎসকদের পাশাপাশি নার্স স্বাস্থ্যকর্মীরাও সাময়িক সময়ের জন্য বিক্ষোভ প্রতিবাদে সামিল হন। মালদা মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল ডা. পার্থপতি মুখোপাধ্যায় জানিয়েছেন, এদিন কর্মবিরতিতে থেকে সমর্থন জানিয়েছেন চিকিৎসকরা। কিন্তু রোগীদের স্বার্থের কথা ভেবে এদিন আউটডোর ও মেডিক্যাল কলেজের অন্যান্য বিভাগের পরিষেবা স্বাভাবিক ছিল। রোগীদের কোনও রকম যাতে সমস্যা না হয়, সেই বিষয়টিও গুরুত্ব সহকারে দেখা হচ্ছে।

# আরজি কর কাণ্ডে কর্মবিরতিতে হয়রান রোগী ও রোগীর পরিবার

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** আরজিকর মেডিক্যাল কলেজে মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুনের অভিযোগের প্রতিবাদে আরামবাগ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসকদের কর্মবিরতি চলে। সকাল থেকেই বন্ধ থাকে হাসপাতালের আউটডোরে চিকিৎসা পরিষেবা। হয়রানি শিকার হন রোগী ও রোগীর পরিবারের লোকজন।

চিকিৎসক ও পড়ুয়াদের অবস্থান বিক্ষোভের জেরে রোগী ও রোগীর পরিবারের সদস্যদের অভিযোগ, জরুরি বিভাগে কোনও রকম চিকিৎসা পাওয়া যাচ্ছে না বলে দাবি। এখন রোগীকে নিয়ে সমস্যায় পড়েছেন তাঁরা। যদিও এই ঘটনায় আরামবাগ মেডিক্যাল কলেজের নার্সদের দাবি, দোষীকে যতদিন না উপযুক্ত শাস্তি দেওয়া হচ্ছে, ততদিন এই আন্দোলন চলবে। অপরদিকে আন্দোলন শুরু করল তৃণমূল। এদিন আরামবাগের পল্লিশ্রী মোড় থেকে মিছিল করে তৃণমূল কংগ্রেসে। আরামবাগ ব্লক তৃণমূল কংগ্রেস ও

## দোষীদের ফাঁসির দাবিতে আন্দোলন আরামবাগ তৃণমূলের



শহর তৃনমুল কংগ্রেসের উদ্যোগে এই মিছিল সংগঠিত হয়।

তৃণমূল নেতৃত্বের দাবি, অবিলম্বে খুনিদের চিহ্নিত করে কঠোর শাস্তি দিতে হবে। মূল অভিযুক্তকে ফাঁসি দিতে হবে বলেও স্লোগান দেওয়া হয়। এদিনের মিছিলে উপস্থিত ছিলেন আরামবাগের সাংসদ মিতালি বাগ, আরামবাগ সাংগঠনিক জেলা তৃণমূল কংগ্রেসের চেয়ারম্যান স্বপন নন্দী, ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি শম্ভুনাথ বেরা সহ অন্যান্য নেতৃত্ব ও মহিলা তৃণমূল কর্মীরা। এদিন তৃণমূল কংগ্রেসের বিশাল মিছিলটি পল্লীশ্রি মোড়ে শুরু হয়ে বসন্তপুর মোড়ে শেষ হয়। এই বিষয়ে আরামবাগ পুরসভার ভাইস চেয়ারম্যান মমতা মুখোপাধ্যায় বলেন, দোষীদের গ্রেপ্তার করে ফাঁসি দিতে হবে এবং অতি দ্রুত সিবিআইকে তদন্ত শেষ করতে হবে।

প্রসঙ্গত, ইতিমধ্যেই বাংলার মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিম মমতা বন্দ্যোপাধ্যায় কলকাতায় প্রতিবাদ মিছিল ও প্রতিবাদ সভা করেন। তারপর দলের নির্দেশ মতো প্রতিটি ব্লক জুড়েই তৃণমূল কংগ্রেসের কর্মীরা আরজিকর কাণ্ডের প্রতিবাদে সামিল হন। এখন দেখার দোষীরা কবে কঠিন শাস্তি পায়।

# যত বড় নেতারই আত্মীয় হোক, গ্রেপ্তার-শাস্তির দাবি শ্যামপুর তৃণমূল বিধায়কের

**নিজস্ব প্রতিবেদন, হাওড়া:** যত বড় নেতারই আত্মীয় হোক গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করলেন শ্যামপুরের বিধায়ক কালীপদ মণ্ডল। শনিবার হাওড়ার বিভিন্ন এলাকায় তৃণমূল কংগ্রেসের প্রতিবাদ মিছিলের মধ্যে শ্যামপুরেও প্রতিবাদ মিছিল করে তৃণমূল কংগ্রেস। এই মিছিলে তৃণমূল কংগ্রেসের মহিলা কর্মীদের অংশগ্রহণ ছিল রীতিমতো চোখে পড়ার মতো। মিছিল শেষে শ্যামপুরের বিধায়ক কালীপদ মণ্ডল জানান, আরজি কর কাণ্ড রাজ্যের মুখ পুড়িয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কড়া অবস্থান নিয়েছেন। এক প্রশ্নের উত্তরে বিধায়ক বলেন যত বড় নেতা ছেলে কিংবা আত্মীয় হোক গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি চাই। উল্লেখ ঘটনার পর থেকেই এই ঘটনায় জড়িত বিষয়ে এক বৃদ্ধার বক্তব্য ভাইরাল হতেই তোলপাড় শুরু হয়ে যায় হাওড়া জেলা জুড়ে। এদিন বিধায়ক সেই প্রশ্নের উত্তরে বলেন, কেউ হাওয়ায় ভাসালেই হয় না, তার প্রমাণ চাই। প্রমাণিত হলে দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। উল্লেখ্য, আরজি কর কাণ্ড নিয়ে তোলপাড় রাজ্য রাজনীতি। পথে শাসক -বিরোধী-সব পক্ষই। এ দিনের মিছিলে উপস্থিত ছিলেন শ্যামপুর কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের সভাপতি নদেবাসী জানা, হাওড়া গ্রামীণ জেলা তৃণমূল কংগ্রেসের সহ সভাপতি শ্রীধর মণ্ডল প্রমুখ।

# আরজি কর কাণ্ডের প্রতিবাদে রাজ্যজুড়ে প্রতিবাদ তৃণমূলের

**নিজস্ব প্রতিবেদন, কাঁকসা:** আরজি কর হাসপাতালে তরুণী চিকিৎসক পড়ুয়ার মৃত্যুর ঘটনার প্রতিবাদে রাজ্যজুড়ে প্রতিবাদ আন্দোলনে নামেন তৃণমূল কংগ্রেস কর্মীরা। সেই মতো শনিবার বিকেলে পানাগড়ে তৃণমূলের পক্ষ থেকে আয়োজিত মিছিলে কয়েকশো তৃণমূল কর্মী সমর্থরা মিছিলে পা মেলান। এদিন মিছিল থেকে আরজি করের ঘটনায় দোষীদের ফাঁসির দাবি তোলেন তৃণমূল কর্মীরা। এদিন পানাগড়ের দার্জিলিং মোড় থেকে পানাগড় বাজারের চৌমাথা মোড় পর্যন্ত মিছিল অনুষ্ঠীত হয়। চৌমাথা মোড়ে মিছিল শেষে সেখানে পথসভা করেন তৃণমূল কর্মীরা। এদিন মিছিলে উপিস্থিত ছিলেন কাঁকসা ব্লকের তৃণমূলের ব্লক সভাপতি নবকুমার সামন্ত,কাঁকসা ব্লকের যুব সভাপতি কুলদীপ সরকার, জেলা কিষান ক্ষেত মজদুর সংগঠনের জেলা সভাপতি জয়ব্রত বৈদ্য, ব্লকের শ্রমিক সংগঠনের সভাপতি চন্দন রায় সহ অন্যান্যরা।

কাঁকসা ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি নব কুমার সামন্ত জানিয়েছেন,আরজি করের যে ঘটনা তা অত্যন্ত নিন্দনীয়। এই ঘটনার প্রতিবাদে তৃণমূল পথে নেমেছে। তাদের একটাই দাবি, এই ঘটনার সঙ্গে যারা যুক্ত আছে, তাদের যাতে ফাঁসি হয়।

# আরজি কর ও নান্দুর কাণ্ডে জড়িতদের ফাঁসির সহ একগুচ্ছ দাবিতে বিক্ষোভ



**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** আরজি কর ও পূর্ব বর্ধমানের নান্দুর কাণ্ডে জড়িতদের ফাঁসির শাস্তির দাবিতে বিক্ষোভ প্রদর্শন। মূলত ছয় দফা দাবিতে আদিবাসী সিঙ্গেল অভিযানের (এএসএ) তরফে শনিবার দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটে এই বিক্ষোভ কর্মসূচি করা হয়।

উল্লেখ্য, আরজিকর হাসপাতালে চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় উত্তাল রাজ্য। অন্যদিকে, পূর্ব বর্ধমানের নান্দুর গ্রামে বাড়ির পাশেই গলা কাটা দেহ উদ্ধার হয় এক তরুণীর। এই সমস্ত ঘটনার প্রতিবাদে এদিন বিক্ষোভ কর্মসূচিতে সামিল হয় আদিবাসী সিঙ্গেল অভিযানের কর্মী ও সমর্থকরা। রাজ্যের স্বাস্থ্য ও পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পদত্যাগ দাবি করেন তাঁরা।

এবিষয়ে আদিবাসী সিঙ্গেল অভিযানের দক্ষিণ দিনাজপুর জেলা সভাপতি পরিমল মার্ডি বলেন, 'কর্তব্যরত অবস্থায় একজন চিকিৎসকে ধর্ষণ করে খুন করা হয়েছে। মহিলাদের সুরক্ষা দিতে ব্যর্থ হওয়া পুলিশ মন্ত্রীকে পদত্যাগ করতে হবে। গ্রাম থেকে শহর সর্বত্র মহিলাদের সুরক্ষা, সুনিশ্চিত করতে হবে। এই সমস্ত ছয় দফা দাবিতে আজ আমরা বিক্ষোভ কর্মসূচিতে সামিল হয়েছি।'




*শনিবার থেকে শুরু হল নাট্য প্রশিক্ষণ কর্মশালা। নাট্য অ্যাকাডেমির আয়োজনে এবং দক্ষিণ চব্বিশ পরগনা জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় বারুইপুর মহকুমায় এই কর্মশালার আয়োজন করা হয়।*

# নাবালিকার 'বিয়ে রুখে' সাহসিকতার পুরস্কার তিন ছাত্রীর

**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** এক নাবালিকা স্কুল ছাত্রীর 'বিয়ে রুখে' দিয়ে সাহসিকতার পুরস্কার পেল দক্ষিণ বাঁকুড়ার জঙ্গলমহলের তিন ছাত্রী। অতি সম্প্রতি রাজ্য সরকারের তরফে 'বিশ্ব কন্যাশ্রী দিবসে' কলকাতার 'ধনধান্য অডিটোরিয়ামে' একটি অনুষ্ঠানের মধ্য দিয়ে বাল্যবিবাহ প্রতিরোধ বিভাগে রাজ্যস্তরের পুরস্কার পেল রাইপুরের পায়রাগুড়ি উচ্চ বিদ্যালয়ের তিন ছাত্রী অনুপমা হেমব্রম, পূরবী হেমব্রম ও অঞ্জলী মুর্মু। শুক্রবার বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের তরফে সংবর্ধনা জানানো হল ওই তিন কন্যাশ্রী ছাত্রীকে।

পায়রাগুড়ি উচ্চ বিদ্যালয়ে 'কন্যাশ্রী ক্লাবে'র তরফে নিয়মিত বাল্য বিবাহ বিষয়ক সচেতনতামূলক প্রচার হয়। আর তার সাফল্যও মিলতে শুরু করেছে। কন্যাশ্রী ক্লাবের তিন ছাত্রীর কাছে চলতি বছরের গত ফেব্রুয়ারি মাসে খবর আসে অভিভাবকদের তরফে এক নাবালিকা ছাত্রীর বিয়ের আয়োজন শুরু হয়েছে। কিন্তু বিয়েতে মত নেই ওই নাবালিকা ছাত্রীর। বিষয়টি নিয়ে খোঁজখবর নেওয়ার পাশাপাশি স্কুল কর্তৃপক্ষ ও কন্যাশ্রী ক্লাবকেও তা জানানো হয়। পরে ওই তিন কন্যাশ্রী ছাত্রী সংশ্লিষ্ট নাবালিকা ছাত্রীর পরিবারের লোকেদের সঙ্গে কথা বলে। কম বয়সে বিয়ে দিলে কী সমস্যা হতে পারে তা জানায়, এমনকি আইনগত বাধার দিকটিও তাঁদের সামনে তুলে ধরে। এই অবস্থায় পিছু হঠতে বাধ্য হন ওই ছাত্রীর অভিভাবকেরা। ওই নাবালিকা ছাত্রী বিয়ে বন্ধ রেখে ফের পড়াশোনা শুরু করেছে বলেই জানা গিয়েছে।

এক নাবালিকার বিয়ে রুখতে পেরে খুশি ওই তিন কন্যাশ্রীও। বিয়ে নয়, ফের তাকে পড়াশোনার জগতে ফিরিয়ে আনাই তাদের কাছে ছিল মূল চ্যালেঞ্জ, আর তাতে তারা সফল বলেই জানিয়েছে। খুশি পায়রাগুড়ি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক পার্থসারথী সিনহাবাবু। তিনি বলেন, এই এলাকায় বাল্য বিবাহের ঘটনা ঘটেই। এই অবস্থায় তা বন্ধে যথেষ্ট উদ্যোগী কন্যাশ্রী ক্লাবের সদস্যেরা। এই কাজ করে তিন ছাত্রীর পুরস্কার প্রাপ্তিতে তিনি গর্বিত বলেও জানান।

পায়রাগুড়ি উচ্চ বিদ্যালয়ের কন্যাশ্রীর নোডাল শিক্ষক সুব্রত পন্ডা বলেন, বিদ্যালয়ের কন্যাশ্রী ক্লাবে প্রতিমাসে একটি করে আলোচনাসভা ও সচেতনতামূলক প্রচার হয়ে থাকে। তার সুফল মিলেছে। ওই তিন কন্যাশ্রী নিজেদের উদ্যোগে বাল্যবিবাহ রুখে দিয়ে নজির গড়েছে। এই কাজ দেখে বিদ্যালয়ের অন্যান্য ছাত্রছাত্রীরা সচেতন হবে এবং এলাকার অভিভাবকদের সচেতন করতে ছাত্রছাত্রীরা উদ্যোগী হবে বলে তিনি মনে করেন।

**শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১**

**Form no INC-26**
**[Pursuant to rule 30 the Companies (Incorporation) Rules, 2014]**
**Advertisement to be published in the newspaper for change of registered office of the company from onestate to another**
**Before the Regional Director, Eastern Region**
**In the matter of the Companies Act, 2013, Section 13(4) of Companies Act, 2013 and Rule 30(6) (a) of the Companies (Incorporation) Rules, 2014**
**AND**
**In the Matter of R.B. CONSTRUCTIONS PVT. LTD.**
Having its Registered Office at: 63/3 Gopal Banerjee Road Room No 2A, 2nd floor, Howrah, West Bengal,711101
..................**Petitioner**

Notice is hereby given to the General Public that the company proposes to make application to the Central Government under section 13 of the Companies Act, 2013 seeking confirmation of alteration of the Memorandum of Association of the Company in terms of the special resolution passed at the Extra ordinary general meeting held on 10.07.2024 to enable the company to change its Registered office from 'State of West Bengal to the State of Bihar'.

Any person whose interest is likely to be affected by the proposed change of the registered office of the company may deliver or cause to be delivered or send by registered post of his/her objections supported by an affidavit stating the nature of his/her interest and grounds of opposition to the Regional Director at the address NIZAM PALACE II, MSO BUILDING, 3RD FLOOR, 234/4 A.J.C. BOSE ROAD, KOLKATA, WEST BENGAL, 700020, within Fourteen days from the date of publication of this notice with a copy of the applicant company at its registered office at the address mentioned below:
**R.B. CONSTRUCTIONS PVT LTD**
63/3 Gopal Banerjee Road Room No 2A, 2nd floor, Howrah, West Bengal-711101
**S/D**
**FOR R.B.CONSTRUCTIONS PVT.LTD.**
**MR. AMIT KUMAR SINGH**
**(DIRECTOR) DIN: 00250525**

**সাধারণ বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সার্কুলার নং 42.2 of DoR.FIN.REC.No. 45/03.10.119/2023-24, ১৯ অক্টোবর ২০২৩ (সংশোধিত ১০ নভেম্বর ২০২৩ অনুযায়ী) -মাস্টার ডিরেকশন- রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া (নন ব্যাঙ্কিং ফিনান্স কোম্পানি) -স্কেল বেসড রেগুলেশন) ডিরেকশন, ২০২৩ অনুযায়ী

**মাধো প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড**
**CIN: U70101WB1932PTC007343**
**সিওআর নং :** বি.০৫.০০০১৪ তারিখ ১৩.০৬.২০২২
**রেজি. অফিস :** ৯/১, আর এন মুখার্জি রোড, কলকাতা : ৭০০০০১
**ফোন :** ০৩৩ ৪০৮২ ৩৭০০/২২২০ ০৬০০, **ই-মেল :** madhopropertiesmca@gmail.com

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া (আরবিআই) উল্লেখ্য পত্র নং KOL.DOS.RSG NO. S1608/08-02-400/2024-2025 তারিখ ১৮ জুলাই ২০২৪ মাধো প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড কোম্পানিকে অনুমোদন দিয়েছে ২ নতুন ডিরেক্টর যেমন শ্রীমতি সুমঙ্গলা দেবী বিড়লা, ৩/১, রাজা সন্তোষ রোড, কলকাতা : ৭০০০২৭, পেশা কোম্পানি ডিরেক্টর এবং শ্রীমতি বসুশ্রী ঝাভের, ঝাভের হাউস, নতুন নং ৯, পুরানো নং ৫, বোট ক্লাব রোড, থার্ড এভিনিউ, রাজা আন্নামালাইপুরম, চেন্নাই-৬০০০২৮, তামিলনাড়ু, পেশা কোম্পানি ডিরেক্টর, কোম্পানির বোর্ডে সংশ্লিষ্ট সকল আইন/অধ্যাদেশ এবং উল্লিখিত সার্কুলারের শর্ত সাপেক্ষে নিয়োগ করতে। উক্ত ২ নতুন ডিরেক্টরগণ নিয়োগের ফলে কোম্পানির বোর্ডের গঠনতন্ত্রে ৩০ শতাংশ পরিবর্তন সাধিত হবে এবং পরিবর্তন পরবর্তী বোর্ডের সদস্য ১) শ্রীমতি সুমঙ্গলা দেবী বিড়লা, ২) শ্রীমতি বসুশ্রী ঝাভের, ৩) শ্রী সৌরভ ঘোষ, ৪) শ্রী এন কে আগরওয়ালা এবং ৫) শ্রী কে কে সারদা সমন্বিত হবে। পরিবর্তনের মূল উদ্দেশ্য কোম্পানির ব্যবসায়িক কার্যকলাপের আবশ্যকমতে বৃদ্ধি সহ বোর্ডের বৃহত্তর ভিত্তি গঠন এবং দৃঢ়করণ। সদস্যগণের শেয়ারহোল্ডিং এবং কোম্পানির ব্যবস্থাপনায় কোনও পরিবর্তন হবে না। যেকোনও ব্যক্তির উক্ত পরিবর্তনের ফলে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে উক্ত ঠিকানায় কোম্পানির ডিরেক্টর বোর্ড এবং আরবিআই, ডিপার্টমেন্ট অব সুপারভিশন, ৬ষ্ঠতল, ১৫, এন এস রোড, কলকাতা : ৭০০০০১ ঠিকানায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৩০ দিনের মধ্যে স্বার্থের ধরন এবং আপত্তির কারণ সম্বলিত নোটিশ পাঠাতে পারেন।
সংশ্লিষ্ট সাধারণ বিজ্ঞপ্তি কোম্পানির বোর্ড কর্তৃক ইস্যুকৃত।

**মাধো প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড** এর পক্ষে
(এন কে আগরওয়ালা)
ডিরেক্টর
ডিন : ০০৩০৩০৫৩
স্থান : **কলকাতা**
তারিখ : **১৬.০৮.২০২৪**

**যূকো বঁক UCO BANK** | ইউকো ব্যাঙ্ক, জোনাল অফিস, কলকাতা, ৫ লালা লাজপত রায় সরণি, ২য় তল, কলকাতা - ৭০০০২০ | **লকার ভেঙে খোলার নোটিশ**

ইউকো ব্যাঙ্ক সংশ্লিষ্ট নিম্নোক্ত সারণিতে উল্লিখিত মতে লকারধারীদের জন্য সেফ ডিপোজিট লকারের ব্যবস্থা দিয়েছিল। দীর্ঘ সময় লকারের ভাড়া মেটানো হয়নি ফলে বিলম্বে/প্রদান না করায় বহু পরিমাণ বকেয়া পড়েছে। সংশ্লিষ্ট লকারধারীদের উদ্দেশ্যে ব্যাঙ্কের তরফে ৪ নোটিশ পাঠানো হয়েছে ভাড়া প্রদানের জন্য কিন্তু সংশ্লিষ্ট তারিখ পর্যন্ত কোনও ভাড়া দাখিল করা হয়নি।

| ক্রম নং | শাখার নাম এসওএল সহ | লকার নং | লকার অধিগ্রহণকারীর নাম | বকেয়া পরিমাণ টাকা | বকেয়া হইতে |
|---|---|---|---|---|---|
| ১ | বেলভেদার রোড (০৯২৯) | HA133 | মীরাজুল হক এবং মণিরা হক | ২৩৮৩৭ টাকা | ২৮.০৮.২০১৮ |
| ২ | বেলভেদার রোড (০৯২৯) | BA059 | ঝুমা হালদার | ১৪৯৮৯ টাকা | ১০-০৭-২০২০ |
| ৩ | বেলভেদার রোড (০৯২৯) | DA054 | প্রদীপ্ত রায় মুখার্জি | ১৬৪৪১ টাকা | ২৮-১০-২০২০ |
| ৪ | বেলভেদার রোড (০৯২৯) | GA067 | কমল কুমার আগরওয়াল এবং বিনা আগরওয়াল | ১৫৯৫২ টাকা | ১০-০১-২০১৮ |
| ৫ | বেলভেদার রোড (০৯২৯) | GA086 | সুনিতা দেবী সারদা এবং মহেন্দ্র কুমার সারদা | ১৪৮৩৫ টাকা | ২১-০৩-২০১৯ |
| ৬ | কালীঘাট (০৫৮৪) | AA0100 | অরবিন্দ দাস গুপ্ত | ১০৩৮০ টাকা | ০১-০৪-২০২১ |
| ৭ | কালীঘাট (০৫৮৪) | AA0034 | চিন্ময় দাস | ২৯১৯৪ টাকা | ১০-১০-২০২০ |
| ৮ | কালীঘাট (০৫৮৪) | AA0031 | কল্পতরু চৌধুরী | ১৩৯৯০ টাকা | ১০-০৭-২০২০ |
| ৯ | কালীঘাট (০৫৮৪) | AA0021 | আদিত্য মুখার্জি | ২১৩৫৬ টাকা | ১০-০১-২০১৪ |
| ১০ | কালীঘাট (০৫৮৪) | AA0016 | বাসন্তী গুহ | ২০৭৫৪ টাকা | ১৯-০১-২০২০ |
| ১১ | আকরা রোড (১৭৬০) | AA025 | মনোজ কুমার সিং | ২৩৫০৮ টাকা | ০২-০৩-২০১২ |
| ১২ | আকরা রোড (১৭৬০) | AA050 | ড. সৈয়দ মাহফুজ নাহসান রিজভী | ২৩১৩৩ টাকা | ৩০-০৫-২০১২ |

লকারধারীদের ভাড়া প্রদানের ক্ষেত্রে অনীহার কারণে ব্যাঙ্ক সংশ্লিষ্ট লকারগুলি **২৯.০৮.২০২৪** তারিখের পর ভেঙে খুলে ফেলার সিদ্ধান্ত গ্রহণ করেছে। লকারের মধ্যে থাকা সামগ্রি, যদি কিছু থাকে, অংশত/সমুদয় নিলাম করা হবে ব্যাঙ্কের নির্দেশিকা অনুযায়ী বকেয়া পরিশোধের জন্য আবশ্যক মতে। লকারে থাকা অবশিষ্ট সামগ্রি, যদি কিছু থাকে, ব্যাঙ্কের হেফাজতে রাকা হবে সংশ্লিষ্ট লকারধাকীদের ঝুকি, দায়িত্ব এবং ব্যয়ে। কোনও কারণে লকারে থাকা সামগ্রির দ্বারা ব্যাঙ্কের বকেয়া উশুলের ক্ষেত্রে অপর্যাপ্ত হলে লকারধারীরা বকেযা প্রদানের ক্ষেত্রে দায়বদ্ধ থাকবেন। আগ্রহী লকারধারীগণ তাদের লকার পুনরায় ব্যবহার করতে চাইলে, অনুগ্রহ করে **২৮.০৮.২০২৪** তারিখের মধ্যে শাখায় যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

**তারিখ : ১৮.০৮.২০২৪** | **জোনাল অফিস**
**স্থান : কলকাতা** | **কলকাতা**

**অ্যান্টার্টিকা লিমিটেড**
CIN : L22219WB1991PLC051949
রেজিস্টার্ড অফিস : ১এ বিদ্যাসাগর স্ট্রিট, কলকাতা - ৭০০০০৯
ফোন : ৯৮৩০২১৭১৭৭, ওয়েবসাইট : www.antarctica-packaging.com ইমেল : info@antarctica-packaging.com
**৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত তিন মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের প্রতিবেদনের সংক্ষিপ্ত**
(লাখ টাকায় প্রতি শেয়ার তথ্য ব্যতীত)

| ক্রম নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৪ অনিরীক্ষিত | ত্রৈমাসিক সমাপ্ত ৩১.০৩.২০২৪ নিরীক্ষিত | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৩ অনিরীক্ষিত | বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৪ নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|
| ১ | মোট আয় কারবার থেকে | ১৩.৯৭ | ২১.০৮ | ১৭.২০ | ৮৩.৯৩ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের (কর, ব্যতিক্রমী দফা এবং/বা অতিরিক্ত দফা পূর্ব) | (২২.৫০) | (২২.৯২) | (৭.৬৭) | (৪৬.৫১) |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | (২২.৫০) | (২২.৯২) | (৪.১৩) | (৪২.৯৭) |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের কর পরবর্তী (ব্যতিক্রমী দফা এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | (২২.৫০) | (২২.৯২) | (৪.১৩) | (৪২.৯৭) |
| ৫ | মোট সংবদ্ধ আয় সংশ্লিষ্ট সময়ের | (২২.৫০) | (২২.৯২) | (৪.১৩) | (৪২.৯৭) |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন (প্রাথমিক মূল্য ১০ টাকা প্রতিটি) | ১৫৫০.১০ | ১৫৫০.১০ | ১৫৫০.১০ | ১৫৫০.১০ |
| ৭ | অন্যান্য ইক্যুইটি সংরক্ষণের পূনর্মূল্যায়ন ব্যতীত | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ | শেয়ার পিছু আয় (প্রতিটি ১০ টাকা) (বার্ষিকীকৃত নয়) (কারবার চালু এবং বন্ধের সময়ের) | | | | |
| | মূল | (০.০১৪৫) | (০.০১৪৮) | (০.০০২৬) | (০.০২৭৭) |
| | মিশ্র | (০.০১৪৫) | (০.০১৪৮) | (০.০০২৬) | (০.০২৭৭) |

দ্রষ্টব্য :
১ ৩০ জুন ২০২৪ তারিখে সমাপ্ত তিন মাসের আর্থিক ফলাফলের বিস্তারিত বয়ানের সংক্ষিপ্ত ২০১৫ সালের সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনসের রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে সংযুক্ত হয়েছে। উক্ত ফলাফলের সম্পূর্ণ বয়ান স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.antarctica-packing.com) থেকে পাওয়া যাবে।
২ ইন্দ এএস ১০৮ অপারেটিং সেগমেন্টের সাথে সামঞ্জস্য রেখে এবং সিনিয়র ম্যানেজমেন্টের দ্বারা পরিচালিত কার্যাদি পর্যালোচনার ভিত্তিতে, কোম্পানির ক্রিয়াকলাপগুলি কাগজের ব্যবসার অধীনে পড়ে যা পরিচালনার দ্বারা একমাত্র রিপোর্টযোগ্য বিভাগ হিসাবে বিবেচিত হয়।

বোর্ডের পক্ষে
অ্যান্টার্টিকা লিমিটেড
রাজেশ মঙ্গিলাল শর্মা
পুরা সময়ের ডিরেক্টর
ডিন - ১০৪৭৯৪৮১
তারিখ : ১৪.০৮.২০২৪
স্থান : কলকাতা

**অ্যাকনিট ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
CIN L01113WB1990PLC050020
রেজিস্টার্ড অফিস : "ইকোস্টেশন", ব্লক -বিপি, প্লট নং ৭, সেক্টর ৫, ৬ষ্ঠতল, স্যুট নং ৫০৪, সল্ট লেক, কলকাতা : ৭০০০৯১
ফোন : (০৩৩) ২৩৬৭ ৫৫৫৫, ই-মেল : cs@acknitindia.com, ওয়েবসাইট : www.acknitindia.com

**৩৪তম বার্ষিক সাধারণ সভা, রিমোট ই-ভোটিং তথ্য, রেকর্ড ডেট এবং বই বন্ধের তারিখ এর বিজ্ঞপ্তি**

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে, অ্যাকনিট ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ৩৪তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) বুধবার ১৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বেলা ১২.৪০ মিনিটে 'জ্ঞান মঞ্চ', ১১, প্রিটোরিয়া স্ট্রিট, কলকাতা : ৭০০০৭১ ঠিকানায় ০৯ আগস্ট ২০২৪ তারিখের এজিএম নোটিশে উল্লিখিত বিষয়সমূহ সম্পাদনের জন্য অনুষ্ঠিত হবে।
এজিএম নোটিশের বৈদ্যুতিন কপি এবং উপস্থিতি স্লিপ এবং প্রক্সি ফর্ম এবং ২০২৩-২৪ সালের আর্থিক বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট সকল সদস্যকে যাদের ইমেল আইডি কোম্পানি/ডিপোজিটরি পার্টিসিপেন্টের(সমূহের) নিকট নথিভুক্ত রয়েছে। সংশ্লিষ্ট কোম্পানির ওয়েবসাইট : www.acknitindia.com, এবং ই-ভোটিং এজেন্সির ওয়েবসাইট : www.evoting.nsdl.com থেকেও পাওয়া যাবে। সংশ্লিষ্ট ফিজিক্যাল কপি উপযুক্ত পদ্ধতিতে সকল সদস্যের নথিভুক্ত ঠিকানায় পাঠানো হয়েছে। কোম্পানি এজিএম নোটিশ এবং বার্ষিক প্রতিবেদন ১৬ আগস্ট ২০২৪ তারিখে প্রেরণ সম্পাদন সম্পূর্ণ করেছে।
২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১০৮ এবং তৎসহ পঠিত ২০১৪ সালের কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলসের রুল ২০ এবং ২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)রেগুলেশনসের রেগুলেশন ৪৪ এবং সেক্রেটারিয়েল স্ট্যান্ডার্ড অন জেনারেস মিটিং (সংশোধিত মতে), সংস্থান অধীনে কোম্পানি ফিজিক্যাল আকারে বা ডিমেটেরিয়ালাইজড আকারে শেয়ারহোল্ডার সকল সদস্যকে এজিএম নোটিশে উল্লিখিত বিষয় সমূহ সম্পাদনের নিমিত্ত এনএসডিএল মাধ্যমে রিমোট ই-ভোটিং সুবিধা প্রদান করবে। সংশ্লিষ্ট আইনের এবং রুলসের বিস্তারিত সংস্থান নিম্নোক্ত মতে :

১. রিমোট ই-ভোটিং শুরু হবে শনিবার, ১৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখ (সকাল ৯ টায়, আইএসটি) এবং সমাপ্ত হবে মঙ্গলবার ১৭ সেপ্টেম্বর ২০২৪ (বিকেল ৫ টায় আইএসটি) এবং উক্ত তারিখ এবং সময়ের পর অনুমতি দেওয়া হবে না।
২. বৈদ্যুতিন মাধ্যমে বা এজিএম তে ভোটদানের অধিকারের উপযুক্ততার জন্য কাট অফ তারিখ বুধবার ১১ সেপ্টেম্বর ২০২৪ নির্ধারিত হয়েছে।
৩. এজিএম তে ব্যালট পেপারের মাধ্যমেও ভোটদানের সুবিধা পাওয়া যাবে, কিন্তু যে সকল সদস্য রিমোট ই-ভোটিং মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন এজিএমের পূর্বেই তারা আর ভোট দান করতে পারবেন না। একজন সদস্য কেবল একটি মাত্র পদ্ধতিতেই অর্থাৎ রিমোট ই-ভোটিং বা ব্যালট ফর্মের মাধ্যমেই ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। কোনও সদস্য উভয় পদ্ধতিতেই ভোটাধিকার প্রয়োগ করে থাকলে ই-ভোটিং পদ্ধতিই গ্রাহ্য হবে এবং ব্যালট দ্বারা ভোট বাতিল হবে। একবার ভোটাধিকার প্রয়োগে পর আর পরবর্তীতে পরিবর্তন করা যাবে না।
৪. যেকোনও ব্যক্তি কোম্পানির এজিএম নোটিশ প্রেরণের পর সদস্য হয়ে থাকলে এবং কাট অফ তারিখ মতে শেয়ার ধারণ করে থাকলে, evoting@nsdl.com তে অনুরোধ পাঠিয়ে লগ ইন আইডি এবং পাশওয়ার্ড পেতে পারেন। কোম্পানির ওয়েবসাইট www.acknitindia.com এবং এনএসডিএল ওয়েবসাইটে www.evoting.nsdl.com ইউজার আইডি এবং পাশওয়ার্ডের বিস্তারিত পাওয়া যাবে। কোনও সদস্য ইতিমধ্যেই ই-ভোটিংয়ের জন্য নথিবদ্ধ করেছেন তারা বর্তমান ইউজার আইডি এবং পাশওয়ার্ড ব্যবহার করে রিমোট ই-ভোটিং মাধ্যমে ভোট দান করতে পারেন।
৫. কোন প্রশ্ন/অভিযোগ থাকলে বৈদ্যুতিন ভোটিং সম্পর্কে সদস্যগণ প্রয়াশই জিজ্ঞাসিত প্রশ্নমালা (এফএকিউএস) এবং সদস্যদের জন্য ই-ভোটিং ইউজার ম্যানুয়াল দেখতে পারেন যা উপলব্ধ ডাউনলোড সেকশনে www.evoting.nsdl.com বা এনএসডিএল এর সঙ্গে যোগাযোগ করতে পারেন ০২২-৪৮৮৬ ৭০০০ নম্বরে বা evoting@nsdl.com মাধ্যমে অনুরোধ পাঠিয়ে শ্রী রবি কুমার বাহল, কোম্পানি সেক্রেটারি, রেজিস্ট্রার্ড অফিস এবং ফোন নং (০৩৩) ২৩৬৭ ৫৫৫৫ নম্বরে বা কোম্পানিকে ইমেল পাঠিয়ে cs@acknitindia.com।

ডিভিডেন্ডের জন্য রেকর্ড তারিখ ১১ সেপ্টেম্বর ২০২৪ এবং উক্ত ডিভিডেন্ড ইক্যুইটি শেয়ারহোল্ডাদের প্রদান করা হবে যাদের নাম সদস্যগণের রেজিস্টার/কোম্পানির সুবিধাভোগী মালিকের তালিকায় ১১ সেপ্টেম্বর ২০২৪ তারিখে ব্যবসা বন্ধের সময়ে নথিভুক্ত থাকবে। ২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ৯১ সংস্থান এবং ২০১৪ সালের কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলসের রুল ১০ এবং ২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনসের রেগুলেশন ৪২ সংস্থান অধীনে কোম্পানির সদস্যগণের রেজিস্টার এবং শেয়ার হস্তান্তর বই বৃহস্পতিবার ১২ সেপ্টেম্বর ২০২৪ থেকে বুধবার ১৮ সেপ্টেম্বর ২০২৪ (উভয়দিন সহ) কোম্পানির ৩৪ তম এজিএম তে, ঘোষণা সাপেক্ষে, ডিভিডেন্ড ঘোষণার কারণে বন্ধ থাকবে।

বোর্ডের আদেশক্রমে
অ্যাকনিট ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
স্বা/-
রবি কুমার বাহল
কোম্পানি সেক্রেটারি
স্থান : কলকাতা
তারিখ : ১৬.০৮.২০২৪